গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৫.১৬.০১.১৭-৬২৭ তারিখ : ২০ সেপ্টেম্বর ২০১৭

**বিষয়ঃ তথ্য মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড (Upload) করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: বর্ণনা মোতাবেক।**

২০/০৯/১৭

(পরিমল সরকার)
উপ-সচিব
ফোনঃ ৯৫৫০৭৮৭
E-mail-sas.admin2@moi.gov.bd

সিস্টেম এনালিস্ট
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ তথ্য মন্ত্রণালয়
আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যাঃ ১৪ (চৌদ্দ)টি
প্রতিবেদনাধীন বছরঃ ২০১৬-১৭
প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ১ আগস্ট ২০১৭

(১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| মন্ত্রণালয় | ১৮৪ | ১৪৫ | ৩৯ | ১৬ | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৩৫৪ | ৪৮৪৬ | ২৫০৮ | ২১৭ | |
| মোট = | ৭৫৩৮ | ৪৯৯১ | ২৫৪৭ | ২৩৩ | |

১. ২ শূন্য পদের বিন্যাসঃ

| যুগ্ম সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | ৫০৫ | ২১৭ | ১১৩৮ | ৬৮৭ | ২৫৪৭ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকাঃ নেই।

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ নেই।

১.৫ অন্যান্য পদের তথ্যঃ

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| -- | ১৭৬ |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদানঃ

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৬৮ | ৬৭ | ১৩৫ | ১৭ | ১২৩ | ১৪০ | |

ভ্রমণ/পরিদর্শন (দেশে):

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসট্যান্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ৬৫ (পঁয়ষট্টি) দিন | - | ৩৩ (তেত্রিশ) দিন | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে):

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসট্যান্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০৪ | ৬০ (ষাট) দিন | - | ৪৯ (উনপঞ্চান্ন) দিন | |

১.৯ উপর্যুক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যাঃ ৩ টি।

## (২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

(টাকার অংক কোটি টাকায়)

| ক্রঃ | মন্ত্রণালয়/বিভাগ সমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশীট জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (হাজার টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (হাজার টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (হাজার টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | তথ্য মন্ত্রণালয় | ৯ | ২৬.০৩ | ১ | ২ | ০৫০ | ৭ | ২৫.৫৩ |
| | পরিকল্পনা অধিশাখা | ২ | ১.০৫ | ৬ | ৩ | ১.০৪ | ৪ | ২৪.২৫ |
| ২ | তথ্য কমিশন | ৪ | ১৬.১০ | ৪ | ২ | ১৩.৯২ | ১৩ | ৪.১৭ |
| ৩. | তথ্য অধিদপ্তর | ২ | ৩.২৪ | ২ | ১ | ১.৫৯ | ২ | ১.৮৬ |
| ৪. | বাংলাদেশ টেলিভিশন | ৪৮ | ২৭,৭৩.৫০ | ৯ | ২৯ | ৫,৭২.৬২ | ৩১ | ২৯,৭৭.৪২ |
| ৫. | বাংলাদেশ বেতার | ১৪১ | ১১,৩৯.৯১ | ১৪১ | ৭১ | ১৫৩.৫২ | ৭০ | ৯,৮৬.৩৯ |
| ৬. | বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট | ৭ | ২৮.২১ | ৩ | ১ | ৬.৬৭ | ৬ | ২১.৫৪ |
| ৭. | গণযোগাযোগ অধিদপ্তর | ৪১ | ১,৭৮.০১ | ৩১ | ২৪ | ১২১.৯৩ | ২৮ | ৭৫.৯ |
| ৮. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | ৬৫ | ১০,৩২.৯২ | ৪৫ | ১৯ | ২২৫.৪১ | ৫২ | ৮,৩৬.৫২ |
| ৯. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | ৯ | ৩৩.২১ | ৯ | ৯ | ৩৩.২১ | - | - |
| ১০. | বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন | ১১৩ | ১১৭,২৭.১৮ | ৬৪ | ২৬ | ৩,৭৫.০৭ | ৮৭ | ১১৩,৫২.১১ |
| ১১. | বাংলাদেশ সংবাদ সংস্থা | ১৩১ | ২৩,৬৮.০০ | ৮৮ | ৬৫ | ১১,০৮.৯৬ | ৬৬ | ১২,৫৯.০৪ |
| ১২. | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | ২ | ০.৭৫ | ৫ | ২ | ০.৭৫ | ৬ | ১৬.২৯ |
| ১৩. | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | - | - | - | - | - | - | - |
| ১৪. | বাংলাদেশ প্রেস কাউন্সিল | - | - | - | - | - | - | - |
| | মোটঃ ১৬ | ৫৭৪ | ১৯৩,২৮.১১ | ৪১৬ | ২৫৪ | ২৬,১৫.১৯ | ৩৮০ | ১৭৬,৪১.৪৯ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেস সমূহের তালিকা: প্রযোজ্য নয়

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০১৬-১৭) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২২ | ১ | ১ | ৫ | ৭ | ১৫ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) :

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | ৩৫ | - | ৩৫ | - |

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) :

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ২০০ | ১৭৩৭ |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী বছরে কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনাঃ ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীদের জন্য ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ বাজেটে প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ প্রয়োজনের তুলনায় অপ্রতুল।

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা নেই। তবে প্রশিক্ষণ খাতে বাজেট বরাদ্দ প্রয়োজনের তুলনায় অপ্রতুল।

৫.৫ প্রতিবেদনাধীন বছরে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যাঃ ১১৯ জন।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) :

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৩৮ | ৪০২৩ |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) :

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১০১২টি | তথ্য মন্ত্রণালয় এবং ১৪টি দপ্তর/অধিদপ্তর/সংস্থায় কম্পিউটারে ইন্টারনেট সুবিধা আছে | তথ্য মন্ত্রণালয় এবং ১৪টি দপ্তর/অধিদপ্তর/ সংস্থায় কম্পিউটারে ল্যান সুবিধা আছে | তথ্য মন্ত্রণালয় এবং ১৪টি দপ্তর/অধিদপ্তর/ সংস্থার মধ্যে ২টি দপ্তর ব্যতীত অবশিষ্ট দপ্তর/অধিদপ্তর/ সংস্থায় কম্পিউটারে WAN সুবিধা আছে | ৬২০ জন | ১১০৫ জন |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(৯) প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট :

৯.১ প্রতিবেদনাধীন অর্থ বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকাঃ

১. 'অনলাইন গণমাধ্যম সহায়ক নীতিমালা, ২০১৭' প্রণয়ন করা হয়েছে।
২. 'জাতীয় চলচ্চিত্র নীতিমালা-২০১৭' প্রণয়ন করা হয়েছে।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকাণ্ড:

রুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর আওতায় প্রণীত 'Allocation of Business' অনুযায়ী তথ্য মন্ত্রণালয়ের উপর ন্যস্ত দায়িত্বাবলি পালনে তথ্য মন্ত্রণালয় সদা তৎপর ও আন্তরিক।

**তথ্য মন্ত্রণালয় পর্যায়ে সম্পাদিত কার্যাবলি:**

মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০১৬-১৭ অর্থ বছরে ০২টি স্বল্পদৈর্ঘ্য ও ০১টি পূর্ণদৈর্ঘ্য শিশুতোষ চলচ্চিত্র নির্মাণে অনুদান প্রদানসহ বিদ্যমান নীতিমালার আলোকে স্বল্পদৈর্ঘ্য ক্যাটাগরিতে ৫টি এবং পূর্ণদৈর্ঘ্য ক্যাটাগরিতে ৬টি চলচ্চিত্রের অনুকূলে সরকারি অনুদান প্রদান করা হয়েছে। সরকারি অনুদানে ছবি নির্মাণের ক্ষেত্রে ২০১৫-১৬ অর্থ বছর থেকে অনুদানের পরিমাণ ৩৫ লক্ষ টাকা হতে ৬০ লক্ষ টাকায় উন্নীত করা হয়েছে। অন্যান্য বছরের ধারাবাহিকতায় ২৪ জুলাই ২০১৭ খ্রি. তারিখে ২৫ ক্যাটগরিতে ৩১জন শিল্পী ও কলা-কুশলীর মাঝে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৫ প্রদান করা হয়েছে। সরকারি অনুদানে বিদ্যমান প্রেক্ষাগৃহসমূহ ডিজিটালাইজ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

তথ্য মন্ত্রণালয়ের শূন্য পদের বিপরীতে ১৩তম গ্রেডে সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে ৭ টি, কম্পিউটার অপারেটর পদে ৪ টি, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ১৬তম গ্রেডে পদে ১টি এবং অফিস সহায়ক ২০তম গ্রেডে ৪টি পদসহ মোট ১৬টি পদের নিয়োগ কার্যক্রম আরম্ভ করা হয়েছে। এছাড়া, ১০ জন কর্মচারী ১০ গ্রেডে প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

২০১৫-২০১৬ অর্থ বছরে বাংলাদেশ টেলিভিশনের নন-ক্যাডারভুক্ত মুখ্য রুপকার, সাউন্ড রেকর্ডিস্ট এবং উপসহকারী প্রকৌশলী পদে সরাসরি কোটায় ০৪ (চার) জন কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। বাংলাদেশ টেলিভিশনের ১ম শ্রেণির (৯ম গ্রেড) ১৭(সতের) জন কর্মকর্তার অনুকূলে জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী সিলেকশন গ্রেড প্রদান করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে (জুন ২০১৭ পর্যন্ত) বাংলাদেশ টেলিভিশনের সংশোধিত খসড়া নিয়োগবিধি প্রণয়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে (জুন ২০১৭ পর্যন্ত) বাংলাদেশ টেলিভিশনের নন-ক্যাডারভুক্ত সহকারী মুখ্য রূপকার, ট্রান্সমিশন/ভিটিআর রেকর্ড কিপার, সহযোগ প্রযোজক, সিনিয়র টেলিভিশন টেকনিশিয়ান, উপ-স্টোর অফিসার, বার্তা সম্পাদক, নির্বাহী প্রযোজক (বার্তা), ঊর্ধ্বতন চিত্রগ্রাহক (অনুষ্ঠান/বার্তা), সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-১), বিজ্ঞাপন আধাকারিক (গ্রেড-১), শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্য পটকার (গ্রেড-১), ঊর্ধ্বতন নিরাপত্তা পরিদর্শনক, ক্রয় কর্মকর্তা, বিজ্ঞাপন সহকারী, সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-২), প্রযোজক (গ্রেড-২), টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২), প্রযোজক (বার্তা) (গ্রেড-২),শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্য পটকার (গ্রেড-২), ট্রান্সমিশন/ভিটিআর রেকর্ড কিপার, প্রযোজক (বার্তা) (গ্রেড-১) এবং চিত্রগ্রাহক (গ্রেড-১) পদে ২৭(সাতাশ)জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে।

বাংলাদেশ বেতারের দক্ষ ও অভিজ্ঞ জনবল নিয়োগের জন্য ১১তম হতে ২০তম গ্রেডের (সাবেক ৩য় ও ৪র্থ শ্রেণির) ১৪টি ক্যাটাগরির ১১৪টি পদে ইতোমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। Data base তৈরি এবং যাচাই-বাছাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। ১ আগস্ট ২০১৭ তারিখ হতে ইন্টারভিউ কার্ড বিতরণ করা হবে।

তথ্য অধিদপ্তরের শূন্য পদের ছাড়পত্রের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। ছাড়পত্র পেলে নিয়োগ কার্যক্রম শুরু করা হবে।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ১১তম হতে ২০তম গ্রেডের (সাবেক ৩য় ও ৪র্থ শ্রেণির) ৭টি ক্যাটাগরির ৪২টি পদের ছাড়পত্র প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ছাড়পত্র পেলে নিয়োগ কার্যক্রম শুরু করা হবে।

১১তম হতে ২০তম গ্রেডের (সাবেক ৩য় ও ৪র্থ শ্রেণির) ৩ ক্যাটাগরির ৩টি পদের ছাড়পত্রের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ১টি ড্রাইভার পদের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে এবং ৩টি আবেদন পাওয়া গেছে।

'জাতীয় চলচ্চিত্র নীতিমালা-২০১৭' এবং 'অনলাইন গণমাধ্যম সহায়ক নীতিমালা, ২০১৭' প্রণয়ন করা হয়েছে। সম্প্রচার আইন, ২০১৭ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য" আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি"তে প্রেরণ করা হয়েছে। 'বাংলাদেশ সংবাদ সংস্থা আইন,' মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের অপেক্ষাধীন আছে। 'বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট আইন,২০১৭'-এর সার-সংক্ষেপ প্রস্তুত করা হয়েছে। দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। বাংলাদেশ প্রেস কাউন্সিল (সংশোধন) আইন, ২০১৭ প্রণয়নের কাজ চলছে। 'গণমাধ্যম কর্মী (চাকরী শর্তাবলী) আইন ,২০১৭' এর খসড়া চূড়ান্তকরণের বিষয়ে কাজ চলছে।

৫টি বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলের অনাপত্তি প্রদান করা হয়েছে (১। খেলা টিভি, ২। আমার টিভি লি: ৩। গ্লোবাল টিভি, ৪। সিটিজেন টিভি ও ৫। প্রাইম টিভি)। মাননীয় প্রধানমন্ত্রীর '১০টি বিশেষ উদ্যোগ' ব্র্যান্ডিং করার উদ্দেশ্যে বিটিভিতে ব্যাপক প্রচারণা চালানো হয়েছে। বেসরকারি টিভি চ্যানেলগুলিতেও প্রচারণা চালানো হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে ১৮টি কমিউনিটি রেডিও'র লাইসেন্স নবায়ন করা হয়েছে।

মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন অনুষ্ঠান বিটিভি, বাংলাদেশ বেতার ও সকল বেসরকারি টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন জাতীয় দিবসসহ জনস্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন অনুষ্ঠান সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে সম্প্রচার করা হয়েছে। বেসরকারি টিভি চ্যানেলে ও বিটিভিতে জঙ্গিবাদ, মানব পাচার, ভেজাল বিরোধী, মাদক পাচার, ধুমপান সংক্রান্ত ব্যাপক প্রচারণা চালানো হয়েছে।

সকল টেলিভিশন চ্যানেলে 'বাড়ি ভাড়া প্রদানে সতর্কতা' ও 'সন্তানের গতিবিধির ওপর মায়ের নজর রাখা' সংক্রান্ত টিভিসি প্রেরণ করা হয়েছে। সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ বিরোধী জনমত গঠনের লক্ষ্যে করনীয় নির্ধারনের জন্য সচিব, তথ্য মন্ত্রণালয়-এর সভাপতিত্বে ২৫/৭/২০১৬ খ্রি. তারিখে তথ্য মন্ত্রণালয় ও তথ্য অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। জঙ্গিবাদ বিরোধী জনমত গঠনে প্রচারণা কার্যক্রম তদারকি, সকল দপ্তরের সাথে সমন্বয় ও সকল মিডিয়াকে পরামর্শ প্রদানের জন্য অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। জঙ্গি হামলা, আক্রমনের গুজব ও আতংক ছড়ানোর বিরুদ্ধে জনগনকে সতর্কীকরণের জন্য প্রচারণা কার্যক্রম পরিচালনার বিষয়ে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও তথ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মাধ্যমে ১৫ আগস্ট ২০১৬ তারিখ জাতীয় শোক দিবসে ২৬১টি পত্রিকায়, ১৬ ডিসেম্বর ২০১৬ তারিখ মহান বিজয় দিবসে ২৭৯টি পত্রিকায়, ৯ জানুয়ারি উন্নয়ন মেলা উপলক্ষে ১১টি, ১০ জানুয়ারি ২০১৬ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ২০৮ টি পত্রিকায়, ১২ জানুয়ারি ২০১৬ তারিখে বর্তমান সরকারের ৩ বছর পূর্তি উপলক্ষে ২৪১ টি পত্রিকায়, ২১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২৩৩ টি পত্রিকায়, ১৭ মার্চ ২০১৭ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ১৮৪ টি পত্রিকায় এবং ২৬ মার্চ ২০১৭ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে ২৭৭টি পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হয়েছে।

প্রতিবেধনাধীন অর্থ বছরে বাংলাদেশ বেতারের বি.সি.এস (তথ্য-বেতার) ক্যাডারেরভুক্ত বাংলাদেশ বেতারের অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল বিভাগের প্রবেশ পদে ৩৫তম বিসিএস পরীক্ষার মাধ্যমে সরাসরি কোটায় ৫ জন কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। বি.সি.এস (তথ্য-বেতার) ক্যাডারেরভুক্ত অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল বিভাগে মোট ২১ জন কর্মকর্তাকে বিভিন্ন গ্রেডে পদোন্নতি প্রদানসহ ২ জন কর্মকর্তাকে সিলেকশন গ্রেড প্রদান করা হয়েছে। প্রতিবেধনাধীন অর্থ বছরে বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের ৩৪ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদানসহ ০১ জন কর্মকর্তাকে সিলেকশন গ্রেড প্রদান করা হয়েছে। এছাড়া, ৯ জন কর্মকর্তার চাকুরি স্থায়ীকরণ সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটটিতে ছবি সম্বলিত স্ক্রলবার সংযোজনের মাধ্যমে অধিকতর দৃষ্টিনন্দন করা হয়েছে। এছাড়া বর্তমান সরকারের অর্জিত সাফল্যের বিবরণসহ আইন ও বিধি-বিধান, উন্মুক্ত দরপত্র, সিটিজেন চার্টার, বদলী/পদায়ন সংক্রান্ত প্রজ্ঞাপন, নীতিমালা, প্রশিক্ষণ ও নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিসমূহ যথাযথভাবে নিয়মিত তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার মাধ্যমে হালনাগাদ করা হচ্ছে। নথি উপস্থাপন ও পত্রাদি বন্টনের ক্ষেত্রে শৃঙ্খলা আনয়নের নিমিত্ত ফাইল মুভমেন্ট রেজিষ্টার ও লেটার ট্রেকিং সিস্টেম সফট্ওয়ার তৈরিপূর্বক চালু করা হয়েছে। মামলার প্রকৃত হিসাব সংরক্ষণসহ মামলা পরিচালনার ক্ষেত্রে শৃংখলা প্রতিষ্ঠার লক্ষ্যে কেইস ম্যানেজমেন্ট সিস্টেম সফট্ওয়ার তৈরিসহ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদানের জন্য পে-রোল ম্যানেজমেন্ট সিস্টেম সফট্ওয়ার তৈরি করা হয়েছে। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**বাংলাদেশ টেলিভিশন :**

সরকারি ব্যবস্থাপনায় পরিচালিত বাংলাদেশ টেলিভিশন গুরুত্বপূর্ণ ইলেকট্রনিক গণমাধ্যম। বাংলাদেশ টেলিভিশন টেরেস্ট্রিয়াল সম্প্রচারের পাশাপাশি স্যাটেলাইটের মাধ্যমে দেশে-বিদেশে অনুষ্ঠান সম্প্রচার করছে। অপরদিকে, বিটিভি ওয়ার্ল্ড শুধুমাত্র স্যাটেলাইটের মাধ্যমে দেশে-বিদেশে অনুষ্ঠান সম্প্রচার করছে। বাংলাদেশ টেলিভিশনের ২০১৬-১৭ অর্থ বছরে গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য কর্মকান্ড নিম্নরূপঃ

| ক্রমিক নং | অনুষ্ঠানের বিষয় | লক্ষ্যমাত্রা | | | অর্জিত মাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ঘন্টা | মিনিট | শতকরা | ঘন্টা | মিনিট | শতকরা |
| ১ | উন্নয়নমূলক অনুষ্ঠান | ১৫০ | ০০ | ২.৩৪% | ১১৬ | ৫৭ | ১.৭৮% |
| ২ | শিক্ষামূলক অনুষ্ঠান | ২০০ | ০০ | ৩.১২% | ১৬৯ | ০০ | ২.৫৭% |
| ৩ | কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ২২২ | ০০ | ৩.৪৬% | ২৫৭ | ২১ | ৩.৯১% |
| ৪ | স্বাস্থ্য পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান | ১৯০ | ০০ | ২.৯৬% | ২০০ | ২৩ | ৩.০৫% |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৫ | ইতিহাস ঐতিহ্য প্রকৃতি পরিবেশ ও পর্যটন বিষয়ক অনুষ্ঠান | ৭৮ | ০০ | ১.২২% | ৭৮ | ১৩ | ১.১৯% |
| ৬ | জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও শ্লোগান | ৫৭০ | ০০ | ৮.৮৮% | ৫০৪ | ৪৩ | ৭.৬৭% |
| ৭ | ধর্মীয় অনুষ্ঠান | ৩৫০ | ০০ | ৫.৪৬% | ৩৭৬ | ৩৫ | ৫.৭২% |
| ৮ | ক্রীড়া অনুষ্ঠান | ১৫ | ০০ | ০.২৩% | ১৩ | ৫৮ | ০.২১% |
| ৯ | বিনোদনমূলক অনুষ্ঠান | ৭৭৫ | ০০ | ১২.০৮% | ৯২২ | ২৪ | ১৪.০২% |
| ১০ | মহিলা বিষয়ক অনুষ্ঠান | ৪৫ | ০০ | ০.৭০% | ৫১ | ৫০ | ০.৭৯% |
| ১১ | শিশু কিশোরদের অনুষ্ঠান | ১২৬ | ০০ | ১.৯৬% | ১১৬ | ৪৪ | ১.৭৭% |
| ১২ | অন্যান্য অনুষ্ঠান | ৪৯০ | ৩০ | ৭.৬৪% | ৫১৯ | ১৫ | ৭.৯০% |
| ১৩ | বিশেষ অনুষ্ঠান | ৩৭৮ | ০০ | ৫.৮৯% | ৩৯৯ | ১৮ | ৬.০৭% |
| ১৪ | সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান | ৯০০ | ০০ | ১৪.০৩% | ১০৪৬ | ২৭ | ১৫.৯০% |
| ১৫ | বিটিভি প্রযোজিত সংবাদ | ৮৮২ | ০০ | ১৩.৭৫% | ৯৩২ | ১০ | ১৪.১৭% |
| ১৬ | সংবাদ ও বার্তা বিষয়ক অনুষ্ঠান | ১০০ | ০০ | ১.৫৬% | ১০০ | ১৪ | ১.৫২% |
| ১৭ | প্যাকেজ অনুষ্ঠান | ৪২৫ | ০০ | ৬.৬২% | ৩৬৯ | ২৫ | ৫.৬১% |
| ১৮ | দেশী বিদেশী চলচ্চিত্র এবং অনুষ্ঠান | ২৭০ | ০০ | ৪.২১% | ২৭৬ | ৩০ | ৪.২০% |
| ১৯ | বিনি বিজ্ঞাপন | ২৫০ | ০০ | ৩.৯০% | ১২৭ | ৫৫ | ১.৯৪% |
| | | ৬৪১৬ | ০০ | ১০০% | ৬৫৭৯ | ০০ | ১০০% |

নিউজ অটোমেশন ও স্ট্যান্ডার্ডাইজেশনের উদ্দেশ্যে বার্তা কক্ষের কম্পিউটারসমূহ ল্যানের আওতায় হাইস্পিড ইন্টারনেট সংযুক্ত করা হয়েছে। ইন্টারনেট ও এফটিপি সার্ভার সংস্থাপন করা হয়েছে। বর্তমান সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় বিটিভির বার্তা বিভাগের জন্য নতুন ক্যামেরা, কম্পিউটার, এডিটিং প্যানেল, যানবাহন ও আনুষঙ্গিক প্রয়োজনীয় যন্ত্রপাতি ইতোমধ্যে সংগৃহীত হয়েছে। এছাড়া, আধুনিক যন্ত্রপাতি ও ক্যামেরা সম্বলিত একটি নতুন ডিজিটাল স্টুডিও চালু হয়েছে যেখান থেকে নিয়মিতভাবে বুলেটিন প্রচারিত হচ্ছে।

দেশের দক্ষিনাঞ্চলবাসীর দীর্ঘলালিত স্বপ্ন পদ্মা সেতু নির্মান এবং ভবিষ্যতে দেশের আর্থ-সামাজিক অবস্থায় তার প্রভাব নিয়ে বিটিভির বার্তা শাখা প্রতিবেদন প্রচার করে আসছে। ইতোমধ্যে মাঠ পর্যায়ে গিয়ে পদ্মা সেতু নিয়ে বহুসংখ্যক প্রতিবেদন প্রচার করা হয়েছে। দেশের অর্থনীতির চাকাকে গতিশীল করতে প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ নিয়ে নিয়মিত বিভিন্ন প্রতিবেদন করা হচ্ছে। ইশারা ভাষার জন্য নতুন সংবাদ পাঠক-পাঠিকা নেয়া হয়েছে।

২০২১ সালের মাধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করতে সরকার গৃহিত নানা অর্থনৈতিক ও সামাজিক সূচক নিয়ে প্রতিবেদন প্রচার করা হচ্ছে। এছাড়াও ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধশালী দেশ পরিণত করতে সরকারের নানা পরিকল্পনা নিয়ে প্রতিবেদন তৈরীর ধারা অব্যাহত রয়েছে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষমাত্রা অর্জনের ধারাবাহিকতায় টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনার বিভিন্ন দিক নিয়ে প্রতিবেদন প্রচার করা হচ্ছে।

দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ,রেমিটেন্স,রপ্তানী আয়ের চিত্র এবং প্রবাসীদের দক্ষতা বৃদ্ধিসহ অর্থনৈতিক নানা কর্মকান্ডও প্রতিবেদনের মধ্যে তুলে ধরা হচ্ছে। নারীর ক্ষমতায়ন, অর্থনৈতিক কর্মকান্ডে তাদের অবদান এবং গ্রামীন অর্থনীতিকে শক্তিশালী করতে তাদের ভূমিকাও তুলে ধরে সংবাদে অন্তর্ভুক্ত করা হচ্ছে।

সন্ত্রাস ও জঙ্গিবাদের কুফল এবং এ সম্পকে জনগনকে সচেতন করতে নানা প্রতিবেদন প্রচার অব্যাহত রয়েছে। দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবন-মান উন্নয়ন তথা সামাজিক নিরাপত্তা বেষ্টনী জোরদারে সরকারের নানা পদক্ষেপ বাস্তবায়নের চিত্রও ফলাও করে প্রচার করা হচ্ছে। সর্বোপরি বাংলাদেশ টেলিভিশন সমাজের সর্বস্তরের মানুষের আর্থ সামাজিক সাংস্কৃতিক এবং রাজনৈতিক কর্মকান্ড সহ শিক্ষা, স্বাস্থ্য, প্রযুক্তির প্রসার, পর্যটন যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং বিদেশী ও অভ্যন্তরীণ বিনিয়োগের চিত্র তুলে ধরেছে প্রতিবেদন প্রচারের মাধ্যমে।

"বাংলাদেশ টেলিভিশনের পাহাড়তলীস্থ চট্টগ্রাম কেন্দ্রে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ ও ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন', "বাংলাদেশ টেলিভিশনের ০৬টি পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র স্থাপন", বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন', 'দেশব্যাপি ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন', "বাংলাদেশ টেলিভিশনের অবকাঠামো উন্নয়ন, কারিগরি জনবল ও জেলা সংবাদ দাতাদের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।

বিটিভির প্রধান কার্যালয় ও ঢাকা কেন্দ্র সম্পূর্ণরুপে LAN এর আওতায় আনা হয়েছে এবং সকল কর্মকর্তাদের জন্য ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার এর ব্যবস্থা গ্রহন করা হয়েছে। ওয়েবসাইট গতিশীল ও তথ্য সমৃদ্ধ করা হয়েছে। মেইল সার্ভার, FTP সার্ভার ডাটাবেইজ সার্ভার প্রতিস্থাপন করা হয়েছে। কর্মকর্তাদের PDS ফাইল প্রস্তুতসহ HR কার্যক্রমের কম্পিটারাইজড করা হয়েছে।

জাতীয় সংসদের অধিবেশনের সকল কার্যক্রম সরাসরি সম্প্রচার করা হয়েছে। জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন অনুষ্ঠান, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসের অনুষ্ঠান, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচার; ভাষা আন্দোলন, বিজয় ও স্বাধীনতা মাসের উপর ভিত্তি করে মাসব্যাপী প্রতিবেদন সম্প্রচার করা হয়েছে।

**বাংলাদেশ বেতার :**

বাংলাদেশ বেতার দেশের বৃহত্তম পাবলিক সার্ভিস ব্রডকাস্টিং নেটওয়ার্ক হিসেবে তথ্য, বিনোদন ও শিক্ষার পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধি এবং সরকারের নীতি, কার্যক্রম ও উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে জনগণকে অবহিত করার পাশাপাশি জাতীয় উন্নয়নে সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। বাংলাদেশ বেতারের সামগ্রিক কার্যক্রম অনুষ্ঠান, বার্তা, প্রকৌশল এবং প্রশাসন ও অর্থ এই চারটি বিভাগের সমন্বয়ে পরিচালিত হয়।

বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর সরকারের নির্বাচনী ইশতেহারে ঘোষিত 'দিন বদলের সনদ: ভিশন ২০২১' এবং 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার প্রত্যয়ে বিভিন্ন সময়ে সরকারের দিক নির্দেশনার আলোকে বাংলাদেশ বেতার থেকে বিভিন্ন আঙ্গিকে অনুষ্ঠান প্রচার করা হয়েছে।

সরকারের নির্বাচনী ইশতেহারে ঘোষিত ভিশন-২০২১ ও ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভুক্ত করে বেতারের ১২ টি আঞ্চলিক কেন্দ্র ও ৬ বিশেষায়িত ইউনিট থেকে প্রচারের জন্য বিশেষ অনুষ্ঠান পরিকল্পনা প্রণয়ন এবং প্রচারের ব্যবস্থা নেয়া হয়েছে। স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী সুপরিকল্পিত অনুষ্ঠান পরিকল্পনার আওতায় সুশাসন প্রতিষ্ঠা, দুর্নীতি প্রতিরোধ, যুদ্ধাপরাধীদের বিচার, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের ইতিহাসসহ বাঙালী সংস্কৃতিকে তুলে ধরা হয়েছে।

জাতীয় সংসদের অধিবেশনের সকল কার্যক্রম সরাসরি প্রচার করা হয়েছে। অমর একুশের গ্রন্থমেলা-২০১৭ উদ্বোধনী অনুষ্ঠান, ২১শে পদক-২০১৭ বিতরণ অনুষ্ঠান, একুশের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন অনুষ্ঠান, আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান, বাংলাদেশ স্কাউটের স্বাস্থ্য ক্যাম্প উদ্বোধন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্ম দিবস ও জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান এবং স্বাধীনতা পুরস্কার-২০১৭ বিতরণ অনুষ্ঠান উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সরাসরি সম্প্রচার করা হয়েছে। এছাড়া, জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন অনুষ্ঠান, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসের অনুষ্ঠান, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সরাসরি প্রচার; ভাষা আন্দোলন, বিজয় ও স্বাধীনতা মাসের উপর ভিত্তি করে মাসব্যাপী প্রতিবেদন প্রচার করা হয়েছে।

মুক্তিযুদ্ধ ভিত্তিক অনুষ্ঠানঃ গৌরবময় মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্যের অডিও ডকুমেন্টশনের কাজ শুরু হয়েছে। প্রতিটি কেন্দ্র থেকে মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থিত 'অহংকারে চিরজাগ্রত' শিরোনামের মাসিক অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রান্তে বসবাসরত বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকারসহ রণাঙ্গনের স্মৃতি ও বীরত্বগাঁথা প্রচারিত হয়েছে। মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার, মুক্তিযুদ্ধ ভিত্তিক গান এবং নাটিকা নিয়ে ''মুক্তিযুদ্ধ আমার অহংকার'' শিরোণামে একটি নতুন অনুষ্ঠান প্রতি মাসে প্রতিটি কেন্দ্র থেকে প্রচারিত হয়েছে। এছাড়া, প্রতিদিন বিভিন্ন ম্যাগাজিন অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সম্পর্কিত বিষয় প্রচারিত হয়েছে।

সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে জনসচেতনতা সৃষ্টির পাশাপাশি বাংলাদেশ বেতারের অনুষ্ঠান নির্মাণ প্রচার ও সংরক্ষণে এনালগ পদ্ধতির পরিবর্তে ডিজিটাল পদ্ধতি চালু হয়েছে। বাংলাদেশ বেতারে অনুষ্ঠানের রেকর্ডিং, ডাবিং, এডিটিং ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন হচ্ছে। এর ফলে বেতারের অনুষ্ঠানের প্রচারমান বৃদ্ধি পেয়েছে। ডিজিটাল পদ্ধতি সফলভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে অনুষ্ঠান, প্রকৌশল ও বার্তা বিভাগে ইন-হাউস প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

বাংলাদেশ বেতার প্রতিবেদনাধীন অর্থ বছরে ৪ কোটি ৩৬ লক্ষ টাকা ব্যয়ে ৭টি মাইক্রোবাস, ৩টি কার, ১টি পঁয়ত্রিশ সীটের বাস এবং ১টি জীপ সংগ্রহ করেছে।

**তথ্য অধিদফতর :**

তথ্য অধিদফতর মূলত সরকারের মুখপাত্র হিসাবে কাজ করে থাকে। সরকারের নীতি, আদর্শ ও সিদ্ধান্ত সংবলিত বিভিন্ন তথ্য এ অধিদফতরের মাধ্যমে গণমাধ্যমে প্রচার করা হয়ে থাকে। ২০১৬-২০১৭ অর্থ বছরে ৪,৫৬৮ টি তথ্যবিবরণী, ৪,২৮৮ টি অনুষ্ঠানের ফটোকাভারেজ, ১০৯টি প্রেস ব্রিফিং, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ১০টি বিশেষ উদ্যোগের ব্র্যান্ডিং বিষয় এবং সকারের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে ৩২৮টি ফিচার/নিবন্ধ ও ক্রোড়পত্র বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত হয়েছে। প্রতিবেধনাধীন অর্থবছরে সাংবাদিকদের জন্য ৩৭১টি এক্রেডিটেশন কার্ড ইস্যু এবং ১২২৫টি এক্রিডিটেশন কার্ড নবায়ন করা হয়েছে। বিভিন্ন জাতীয় ও আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশিত খবরের ওপর প্রায় ২১,২৫৬টি পেপার কাটিং মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এবং বিভিন্ন মমত্রণালয়/বিভাগসহ মোট ৫৫টি দপ্তরে প্রেরণ করা হয়েছে।

**গণযোগাযোগ অধিদপ্তর :**

গণযোগাযোগ অধিদপ্তর সরকারের অন্যতম প্রচার মাধ্যম। গণযোগাযোগ অধিদপ্তর ৬৪টি বিভাগীয়/জেলা অফিস ও ৪টি উপজেলা অফিসের মাধ্যমে তৃণমূল পর্যায়ে সরকারের উন্নয়ন পরিকল্পনা নীতি ও কৌশল তুলে ধরার পাশাপাশি বিভিন্ন আর্থ-সামাজিক ও জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রচার কার্যক্রম পরিচালনা করে থাকে। গণযোগাযোগ অধিদপ্তর প্রান্তিক পর্যায়ের জনগোষ্ঠির সাথে সরকারের সেতুবন্ধন রচনার পাশাপাশি বিভিন্ন ইস্যুতে জনসচেতনতা সৃষ্টিসহ জনমত গঠনে অনুঘটকের (Catalyst) ভূমিকা পালন করে আসছে।

বর্তমান সরকারের দিনবদলের সনদঃ ভিশন-২০২১ অনুযায়ী গণযোগাযোগ অধিদপ্তর সারাদেশে বিশেষ প্রচার কার্যক্রম বাস্তবায়ন করেছে। ২০১৬-২০১৭ অর্থবছরে এ অধিদপ্তর দেশব্যাপী মুক্তাঙ্গনে সরকারের ভিশন-২০২১ এর লক্ষ্য ও অর্জন বিষয়ক, মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, পরিবেশ, যৌতুক, নারীর ক্ষমতায়ন, ডিজিটাল বাংলাদেশ, শিশু ও নারীর অধিকার, টিকা ও জন্ম নিবন্ধন, সন্ত্রাস ও জঙ্গিবাদ, এইচআইভি/এইডস প্রতিরোধ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত ১০টি বিশেষ উদ্যোগের ব্র্যান্ডিং বিষয়ে ১২,৮৬৪টি চলচ্চিত্র প্রদর্শনী, দেশব্যাপী বিভাগীয়/জেলা তথ্য অফিস কর্তৃক সরকারের ভিশন-২০২১, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, নারীর ক্ষমতায়ন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক ও বাল্য বিবাহ নিরোধ, শিশু ও নারীর উন্নয়ন, ডিজিটাল বাংলাদেশ, ই-সেবা, পরিবেশ সংরক্ষণ প্রভৃতি বিষয়ে ৩,৭৬৬টি সংগীতানুষ্ঠান, বিভাগীয়/জেলা তথ্য অফিস কর্তৃক দুর্নীতি ও সন্ত্রাসমুক্ত সমাজ গঠন, জনসংখ্যা, মা ও শিশু, যৌতুক, জেন্ডার, জন্মনিবন্ধন ইত্যাদি বিষয়ক শ্লোগান, কথামালা ও সড়ক প্রচার ১৩,১১৪টি, সরকারী কার্যক্রমভিত্তিক দেশব্যাপী বিভিন্ন টিকা দিবস, দুর্নীতি বিরোধী, মাদক, বার্ড ফ্লু, জনসংখ্যা সমস্যা, পরিবার পরিকল্পনা বিষয়ক প্রচার/পোস্টার পুস্তিকার সংখ্যা ১৫,২৫,০০০টি, জেলা/উপজেলা পর্যায়ে গুরুত্বপূর্ণ বিভিন্ন অনুষ্ঠানে ১৫,৬০৩টি ভাষণযন্ত্র স্থাপন, বিভাগীয়/জেলা তথ্য অফিস কর্তৃক মা ও শিশু স্বাস্থ্য, জেন্ডার, পরিবার পরিকল্পনা, প্রজনন স্বাস্থ্য, যৌতুক নিরোধ, নারীর ক্ষমতায়ন ইত্যাদি বিষয়ে ৯৩১টি উঠান বৈঠক/কমিউনিটি সভা, নেতৃত্ব স্থানীয় ব্যক্তিবর্গের জন্য ১৪৬টি প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন কর্মশালার আয়োজন, সরকারের ভিশন-২০২১ এর লক্ষ্য ও অর্জন, ডিজিটাল বাংলাদেশ, মা ও শিশু স্বাস্থ্য, জেন্ডার, পরিবার পরিকল্পনা, প্রজনন স্বাস্থ্য, যৌতুক, টিকা, নারীর ক্ষমতায়ন ইত্যাদি বিষয়ে ১১৭৬টি আলোচনা সভা/মতবিনিময় সভা/সেমিনার/নাটক/মহিলা সমাবেশ, বিভাগীয়/জেলা তথ্য অফিস কর্তৃক ৩৮০টি পরিবার পরিকল্পনা বিষয়ক প্রচার, বিভাগীয়/জেলা তথ্য অফিস কর্তৃক ৯৫৬টি স্থানীয় উন্নয়নমূলক সংবাদ প্রকাশ ও প্রচারের জন্য তথ্য অধিফতরে প্রেরণ, দেশব্যাপী বিভিন্ন প্রেক্ষাগৃহে জেলা তথ্য অফিস কর্তৃক ০৪টি ফিল্ম শো' র আয়োজন, সরকারী উন্নয়নমূলক কর্মকান্ডের ওপর জেলা তথ্য অফিস কর্তৃক ৩,৩৬৩টি ক্ষুদ্র ও খন্ড সমাবেশ, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে ৪৯৫টি অনুষ্ঠানে ভাষণযন্ত্র স্থাপন, বঙ্গভবনে ২৬৬টি অনুষ্ঠানে ভাষণযন্ত্র স্থাপন, মাননীয় প্রধানমন্ত্রী ও অন্যান্য ভিআইপির ২৪৯টি অনুষ্ঠানে ভাষণযন্ত্র স্থাপন, জেলা তথ্য অফিস কর্তৃক ৯৮টি প্রেক্ষাগৃহে সিনেমা স্লাইড প্রদর্শন, বিভাগীয়/জেলা তথ্য অফিস কর্তৃক ৪৬০টি সিনেমা হল পরিদর্শন এবং ১৭টি শিশু মেলার আয়োজন করা হয়েছে।

**চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর :**

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'তথ্য ভবন কমপ্লেক্স' নির্মাণ কাজ উদ্বোধনের পর জুন-২০১৭ মাস পর্যন্ত 'তথ্য ভবন নির্মাণ (সংশোধিত)' শীর্ষক চলমান প্রকল্পের ৮ম তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। এ প্রকল্পে ৯৫ কোটি ৮৫ লক্ষ ৩৯ হাজার টাকা বরাদ্দ রয়েছে।

তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য তথ্য প্রাপ্তি ও সেবাদান নিশ্চিতকরণের জন্য এ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের আবেদনের ফরম, বার্ষিক প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি দিয়ে ওয়েবসাইট আপডেটকরণ, দপ্তরের সকল কম্পিউটারে ল্যান সংযোগ, নিরাপত্তা নিশ্চিতকরণের ১২টি সিসি ক্যামেরা স্থাপন, ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন, আউটসোর্সিং এর মাধ্যমে গাড়ি চালকসহ ৪র্থ শ্রেণির পদসমূহ আউটসোর্সিং এর মাধ্যমে পূরণ করা হয়েছে এবং রাজস্ব খাতে ৪টি ক্যাটাগরিতে ৬টি শূন্যপদ পূরণের কার্যক্রম চলছে।

১৯ মে ২০১৭ তারিখে নবারুণ পত্রিকার শিশু লেখকদের নিয়ে 'পরিবেশ সম্মেলন' অনুষ্ঠিত হয়। এতে মাননীয় তথ্য মন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া পরিবেশবিদ,পরিবেশ কর্মী, সাংবাদিক, সাহিত্যিক, বিভিন্ন দপ্তর প্রধান এবং অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ডিজিটাল চলচ্চিত্র নির্মাণে যন্ত্রপাতি স্থাপন প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থবছরের ওয়ার্ক স্টেশন লট-২ এর কার্য সম্পাদন করা হয়েছে। প্রকল্পের মূলধন খাতে ১৩ লক্ষ ৯৩ হাজার টাকা এবং রাজস্ব খাতে ২ লক্ষ ৬৭ হাজার টাকা খরচ হয়েছে। এ অর্থবছরে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী নিম্নবর্ণিত প্রামাণ্যচিত্র, ডকুড্রামা, টিভি ফিলার নির্মাণ করে গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে মাঠপর্যায়ে প্রদর্শন, বাংলাদেশ টেলিভিশন ও সকল বেসরকারি টিভি চ্যানেলের মাধ্যমে প্রচারিত হয়েছে:

| ক্র: নং | প্রামাণ্যচিত্র, ডকুড্রামা, টিভি ফিলারের নাম |
|---|---|
| ১. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালের উপর একটি টিভি ফিলার নির্মাণ |
| ২. | ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনালের উপর একটি টিভি ফিলার নির্মাণ |
| ৩. | সুস্বাস্থ্য ও সুন্দর জীবন (প্রামাণ্যচিত্র) |
| ৪. | নিরাপদ পানি (প্রামাণ্যচিত্র) |
| ৫. | দ্বিতীয় মেয়াদে সরকারের সাত বছর পূর্তি উন্নয়ন কর্মকান্ডের উপর (প্রামাণ্যচিত্র) |
| ৬. | সুস্থ্য সমাজ গঠনে পারিবারিক বন্ধন (ডকুড্রামা) |
| ৭. | পরিবেশ ভারসাম্য (প্রামাণ্যচিত্র) |
| ৮. | আদিবাসীদের জীবন ধারা ও সংস্কৃতি (প্রামাণ্যচিত্র) |
| ৯. | আদর্শ শিক্ষক (ডকুড্রামা) |
| ১০. | জঙ্গীবাদের উপর ২টি টিভি ফিলার |
| ১১. | তথ্য প্রযুক্তির অপপ্রয়োগ (টিভি ফিলার) |
| ১২. | বিভিন্ন সংক্রামক রোগ প্রতিরোধ (টিভি ফিলার) |
| ১৩. | কমিউনিটি ক্লিনিক (টিভি ফিলার) |
| ১৪. | ক্ষুধা মুক্তি- খাদ্য স্বয়ংসম্পূর্ণতা (প্রামাণ্যচিত্র) |
| ১৫. | শামিত্মর জন্যে ধর্ম (ডকুড্রামা) |
| ১৬. | নেশাকে 'না' বলুন (টিভি ফিলার) |
| ১৭. | বজ্রপাতে করনীয় (টিভি ফিলার) |
| ২০. | শিক্ষা সহায়তা (টিভি ফিলার) |
| ২১. | মানসম্পন্ন শিক্ষা (প্রামাণ্যচিত্র) |
| ২২. | পরিকল্পিত যোগাযোগ অবকাঠামো (প্রামাণ্যচিত্র) |
| ২৩. | নরায়নযোগ্য জ্বালানি (পরিবেশ বান্ধব) (প্রামাণ্যচিত্র) |
| ২৪. | পরিবেশ সুরক্ষা (টিভি ফিলার) |
| ২৫. | ঘরে ঘরে বিদ্যুত (টিভি ফিলার) |
| ২৬. | একটি বাড়ী একটি খামার (টিভি ফিলার) |
| ২৭. | ২৪টি সংবাদচিত্র ও ৬টি বিশেষ সংবাদচিত্র |
| ২৮. | দেশের অগ্রযাত্রায় নারী (প্রামাণ্যচিত্র) |
| ২৯. | বাংলাদেশ জাতীয় পতাকা ও জাতীয় সংগীত (ডকুড্রামা) |
| ৩০. | জনক জননী (প্রবীনদের নিয়ে) (ডকুড্রামা) |
| ৩১. | বাংলাদেশে খেলাধূলা (প্রামাণ্যচিত্র) |
| ৩২. | শিশুর নিরাপত্তা (টিভি ফিলার) |
| ৩৩. | ভোক্তা অধিকার সংক্রান্ত ২টি (টিভি ফিলার) |
| ৩৪. | আশ্রয়ন প্রকল্প (টিভি ফিলার) |
| ৩৫. | ডিজিটাল বাংলাদেশ (টিভি ফিলার) |
| ৩৬. | নারীর ক্ষমতায়ন (টিভি ফিলার) |
| ৩৭. | বিনিয়োগ বিকাশ (টিভি ফিলার) |
| ৩৮. | সামাজিক নিরাপত্তা (টিভি ফিলার) |
| ৩৯. | সংবাদচিত্র-৩০টি |
| ৪০. | বিশেষ সংবাদচিত্র-১০টি |

চলচ্চিত্র অধিদপ্তর ২০১৬-২০১৭ অর্থ বছরে নিয়মিত প্রকাশনা-সচিত্র বাংলাদেশ পত্রিকার ১ লক্ষ ২০ হাজার কপি, মাসিক নবারুণ পত্রিকার ১ লক্ষ ২০ হাজার কপি, বাংলাদেশ কোয়ার্টার্লি ১২ হাজার কপি, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ৮ লক্ষ ৫ হাজার পোস্টার, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে ৩ লক্ষ ৫ হাজার পোস্টার, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ৩ লক্ষ ৫ হাজার পোস্টার, ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ৩ লক্ষ পোস্টার, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ৩ লক্ষ ৫ হাজার পোষ্টার বিজি প্রেস থেকে মুদ্রণ শেষে সারাদেশে প্রদর্শনের জন্য বিতরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদোগের ওপর একটি পকেট পুস্তিকা ২ লক্ষ ৫১ হাজার ৫০০ কপি মূদ্রণ, জঙ্গি ও সন্ত্রাসবাদ নির্মুল এগিয়ে আসুন-২ প্রকার লিফলেট মুদ্রণ ও বিতরণ (প্রতিটি ৫০ হাজার করে) ১ লক্ষ কপি, 'টেকসই উন্নয়ন অভিষ্ট' লক্ষ্যমাত্রা বিষয়ক ১০ হাজার কপি পুস্তক মুদ্রণ ১০ হাজার কপি এবং পর্যটন কর্পোরেশনের সহযোগিতায় বাংলাদেশ পর্যটন আকর্ষন বিষয়ে বিভাগ ভিত্তিক সিরিজ পুস্তক প্রকাশের ধারাবাহিকতায় খুলনা বিভাগের উপর প্রকাশিতব্য পুস্তকটির পান্ডুলিপি সম্পাদনা ও আলোকচিত্র ক্রয় করা হয়েছে। মহামান্য রাষ্ট্রপতির ১ হাজার অফিসিয়াল ছবি মুদ্রণ মুদ্রণ করা হয়েছে।

নিরীক্ষা শাখায় ১৪১টি পত্রিকার অফিস/প্রেস সরেজমিন পরিদর্শন করা হয়েছে এবং ৪৮৪টি পত্র-পত্রিকার প্রত্যয়নপত্র জারি করা হয়েছে। এ সময়ে ৩৫টি পত্রিকা মিডিয়া তালিকাভূক্ত করা হয়েছে, মিডিয়াভুক্তি ০২টি পত্রিকার মিডিয়া বাতিল করা হয়েছে এবং মিডিয়াভুক্ত ১৪টি পত্রিকার মিডিয়া পুনঃর্বহাল করা হয়েছে। এছাড়া ৫৫৯টি পত্রিকার নিরীক্ষার কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে ১৩৮টি পত্রিকার নামের ছাড়পত্র দেয়া হয়েছে এবং ৪৮টি পত্রিকার প্রকাশনার প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে। ১৬৭টি পুস্তক-পুস্তিকা পাওয়া গেছে যা বিভিন্ন গণগ্রন্থাগারে প্রেরণ করা হয়েছে। এছাড়া ১টি ত্রৈমাসিক গ্রন্থপঞ্জি তৈরি করা হয়েছে।

**জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (এনআইএমসি) :**

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সংবাদকর্মীদের প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি বিসিএস (তথ্য-বেতার) ক্যাডারের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রতিবেদনাধীন অর্থ বছরে ২৭ টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় ৪০৪ জন পুরুষ এবং ১৪৫ জন মহিলা প্রশিক্ষণার্থী অংশগ্রহন করেন। এছাড়া, এনআইএমসি প্রতিবেদনাধীন অর্থ বছরে ২৯টি ইন-হাউজ প্রশিক্ষণ, ২৬টি সেমিনার/ওয়ার্কশপ এবং গবেষণা শাখার উদ্যোগে ২টি গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে।

**বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি):**

চলচ্চিত্র তৈরির সূতিকাগার হিসেবে পরিচিত বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনকে সনাতনী প্রযুক্তির পরবর্তে ডিজিটাল প্রযুক্তিতে সজ্জিত করা হচ্ছে। 'বিএফডিসির আধুনিকায়ন ও সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিবেদনাধীন অর্থ বছরে ডিজিটাল ক্যামেরা, ডিজিটাল এডিটিং মেশিন, বিভিন্ন প্রকার লাইট ও ক্যামেরা লেন্স সংগ্রহসহ বিভিন্ন ফ্লোর ও স্থাপনার মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হয়েছে।

চলচ্চিত্রের পুরণো ঐতিহ্য/সোনালী অতীত ফিরিয়ে আনার প্রত্যয়ে বিগত কয়েক বছরের ন্যায় ৩ এপ্রিল ২০১৭ খ্রি. তারিখে বিভিন্ন অনুষ্ঠানমালার মাধ্যমে 'জাতীয় চলচ্চিত্র দিবস' উদযাপন করা হয়েছে। চলচ্চিত্রের দৃশ্য ধারণের জন্য বিভিন্ন নান্দনিক কাঠামো নির্মাণসহ অন্যান্য সুযোগ-সুবিধা সৃষ্টির লক্ষ্যে ঢাকার অদূরে অবস্থিত গাজীপুর জেলার কালিয়াকৈর একটি ফিল্ম সিটি স্থাপনের লক্ষ্যে ১৯৮০.০০ লক্ষ (উনিশ কোটি আশি লক্ষ) টাকা ব্যয় সম্বলিত ''বঙ্গবন্ধু ফিল্ম সিটি (পর্যায়-১)'' প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। ১ম পর্যায়ের বাস্তবায়নকালে একটি পূর্ণাঙ্গ ফিল্ম সিটি স্থাপনের মাস্টার প্ল্যান করা হচ্ছে, যার ভিত্তিতে ২য় পর্যায়ে একটি পূর্ণাঙ্গ ফিল্ম সিটি স্থাপন করা হবে। মাস্টার প্ল্যান অনুযায়ী ডিপিপি প্রণয়ন করা হচ্ছে।

**বাংলাদেশ প্রেস কাউন্সিল:**

প্রিন্ট মিডিয়ার ক্ষেত্রে বাংলাদেশ প্রেস কাউন্সিল 'Watch-dog' হিসেবে কাজ করে থাকে। ২০১৬-২০১৭ অর্থ বছরে ৫টি কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়েছে। এসব অধিবেশনে প্রেস কাউন্সিল আইন,১৯৭৪ কে যুগোপযুগী করার লক্ষ্যে 'বাংলাদেশ প্রেস কাউন্সিল (সংশোধন) আইন,২০১৭' এর খসড়ার বিভিন্ন দিক পর্যালোচনা করা হয়। এছাড়া, বিভিন্ন কমিটি সমূহের মধ্যে জুডিশিয়াল কমিটির ১৯টি সভা অনুষ্ঠিত হয়, ২৫ মামলার শুনানী শেষে ১১টি মামলার রায় প্রদান করা হয়। বাংলাদেশ প্রেস কাউন্সিলের উদ্যোগে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দের সাথে বাংলাদেশ প্রেস কাউন্সিলের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

**বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড**

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড প্রতিবেদনাধীন অর্থ বছরে ৭০টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৬০টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি, ০২টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১টি প্রামাণ্য চলচ্চিত্র, ৫৫টি বাংলা চলচ্চিত্রের ট্রেইলার এবং ১৬টি বিজ্ঞাপনচিত্রের সেন্সর সম্পন্ন করেছে। এর মধ্যে ৬৪ টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৫৯টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি, ০২টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১টি প্রামাণ্য চলচ্চিত্র, ৫৫টি বাংলা ট্রেলার এবং ১৬টি বিজ্ঞাপনচিত্রের অনুকূলে সেন্সর সনদপত্র জারি করা হয়েছে। বর্ণিত সময়ে ৩টি পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র এবং ১টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজী চলচ্চিত্র জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় মর্মে সেন্সর আবেদনপত্র বাতিল ঘোষণা করা হয়। বাতিলকৃত চলচ্চিত্রগুলোর ১টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের রিভাইজস ভার্সনের সেন্সর সনদপত্র জারি করা হয়েছে। এছাড়া, এ সময়ে বিভিন্ন চলচ্চিত্র উৎসবের জন্য মোট ১৮৭টি চলচ্চিত্র পরীক্ষণপূর্বক ১৮৬টি চলচ্চিত্রের বিশেষ সেন্সর সনদপত্র জারি করা হয়েছে। বর্ণিত সময়ে ৪৯০টি পোস্টার/স্থির চিত্রের আবেদনের পরিপ্রেক্ষিতে ৪৮২টি পোস্টার/স্থির চিত্রের অনুমোদন দেয়া হয়েছে এবং ৮টি পোস্টার/স্থির চিত্র বাতিল করা হয়েছে।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক দেশের বিভিন্ন স্থান থেকে জব্দকৃত ১টি মেমোরি কার্ড, ১৪৭টি সিডি/ডিভিডি বিজ্ঞ আদালতের নির্দেশে পরীক্ষা করে মতামত প্রদানের জন্য প্রেরণ করা হলে চলচ্চিত্রের প্রিন্টগুলো পরীক্ষাপূর্বক সংশ্লিষ্ট থানায় যাচিত মতামত প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ সেন্সর বোর্ড কর্তৃক বিভিন্ন জেলার ২৬৪টি সিনেমা হল পরিদর্শন করা হয়েছে।

বর্তমানে চলচ্চিত্র সেন্সরশিপ আইন ও বিধি কঠোরভাবে প্রয়োগ করা হচ্ছে। পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে। চলচ্চিত্রে সেন্সরবিহীন অশ্লীল গান ও দৃশ্য সংযোজন করে চলচ্চিত্র প্রদর্শন করার দায়ে দেশের বিভিন্ন প্রেক্ষাগৃহে প্রদর্শিত সিনেমাসমূহের নাম উল্লেখপূর্বক চলচ্চিত্রসমূহ জব্দ করার জন্য চলচ্চিত্র সেন্সর বোর্ড হতে সংশ্লিষ্ট থানায় জব্দপত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া, অনুমোদনবিহীন পোস্টার দ্বারা প্রচারকার্য চালানোর দায়ে ১৪টি চলচ্চিত্রের প্রযোজককে ব্যাখ্যা তলব করে সতর্ক করা হয়েছে।

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সরকারের একটি গুরুত্বপূর্ণ কর-ব্যতিত রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান। ২০১৬-২০১৭ অর্থ বছরে ৩০ জুন পর্যন্ত চলচ্চিত্র সেন্সর ও স্ক্রীনিং ফি বাবদ = ৪৫,৪৩,০০০/-(পঁয়তাল্লিশ লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা রাজস্ব আয় হয়েছে।

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভ:**

চলচ্চিত্র সমাজের দর্পণ স্বরুপ। বিরাজমান আর্থ-সামাজিক অবস্থা, ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতি সেলুলয়েডের ফিতায় আবদ্ধ হয়ে তৈরি হয় কালজয়ী চলচ্চিত্র। এসব চলচ্চিত্র যাতে বিনষ্ট না হয় এবং ভবিষ্যৎ প্রজন্ম যাতে এসব চলচ্চিত্র ব্যবহার করতে পারে তজ্জন্য সুষ্ঠুভাবে সংরক্ষণের উদ্দেশ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কাজ করে থাকে। প্রতিবেদনাধীন অর্থ বছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ১০টি গবেষণা কর্ম সম্পাদনসহ ২টি জার্নাল প্রকাশ এবং ১৩টি সেমিনারের আয়োজন করেছে। ১৬০টি চলচ্চিত্র, ৩৮৪ টি বই, ১১৫ ম্যাগাজিন, ৩০৪ ডিভিডি/সিডি, ১০১টি স্থিরচিত্র, ৭২৬টি পেপার কাটিং সংগ্রহ করেছে। সাপ্তাহিক কর্মসূচি ও যৌথ কর্মসূচির আওতায় ৭৮টি চলচ্চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। প্রতিবেদনাধীন অর্থ বছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ৩৭৭টি ছবির চেকিং ও ক্লিনিং সম্পন্ন করেছে।

৭

**বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি):**

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট মূলত প্রিন্ট গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করে থাকে। সম্প্রতি ইলেকট্রনিক গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের জন্যও প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করছে। প্রশিক্ষণ বিভাগ প্রতিবেদনাধীন বছরে ৮৮টি প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/মতবিনিময় অনুষ্ঠানের আয়োজন করেছে। এতে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ৩০২৯। এর মধ্যে ২৬৮১ জন পুরুষ ও নারী ৩৪৮ জন। পিআইবির প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা বিভাগ কর্তৃক সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ নিম্নরূপ:

১. অতিথি গবেষক/প্রতিষ্ঠান কর্তৃক ৪টি গবেষণাকর্ম সম্পন্ন হয়েছে।
২. 'সংবাদপত্রে বঙ্গবন্ধু 'দ্বিতীয় খন্ড, ষাটের দশক: দ্বিতীয় পর্ব;
৩. ঘটনাপঞ্জি ২০১৬ :সংবাদপত্রের প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ;
৪. ঘটনাপঞ্জি ২০১৭ :সংবাদপত্রের প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ;
৫. গণমাধ্যম গবেষণা বিষয়ক মত বিনিময় সভা;
৬. দু'দিন ব্যাপী গণমাধ্যম গবেষণা পদ্ধতি শীর্ষক প্রশিক্ষণ;
৭. ৩৩টি শিশু ও নারী বিষয়ক ফিচার;
৮. ৪৭টি এসডিসি ও উন্নয়ন ফিচার;
৯. অগ্রজের সংগে একদিন-২: আবদুল গাফফার চৌধুরী
১০. নিরীক্ষার ২০৯ ,২১০, ২১১, ২১২ ও ২১৩ তম সংখ্যা এবং ২৬ মার্চ ২০১৭ বিশেষ সংখ্যা প্রকাশিত হয়েছে।

**বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস):**

বাংলাদেশ সংবাদ সংস্থা সরকারি ব্যবস্থাপনায় পরিচালিত একমাত্র সংবাদ সংস্থা। বাসস দেশ ও বিদেশের বিভিন্ন উৎস হতে সংবাদ সংগ্রহপূর্বক প্রিন্ট ও ইলেকট্রনিক গণমাধ্যমের নিকট প্রেরণ করে থাকে। মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীসহ সরকারের সকল মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যাবলি এবং উন্নয়ন কর্মকান্ডের সংবাদসহ দেশ-বিদেশের অন্যান্য গুরুত্বপূর্ণ সংবাদ সংগ্রহ করে তাৎক্ষনিকভাবে গণমাধ্যমের নিকট পৌঁছে দিতে সক্ষম হয়েছে। প্রতিবেদনাধীন অর্থ বছরে বাসস থেকে ১,০২,৭৯৪টি সংবাদ প্রতিবেদন বিভিন্ন গণমাধ্যমের নিকট সরবরাহ করা হয়েছে।

**বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই):**

দুই বছর মেয়াদী ২য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স'-এর ক্লাস চলমান রয়েছে। এ কোর্সে মোট ১৮ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করছে। দুই বছর মেয়াদী ৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স'-এর ক্লাস চলমান রয়েছে। এ কোর্সে মোট ১৮ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করছে। এছাড়া, দুই বছর মেয়াদী ৪র্থ চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স'-এর ভর্তি বিজ্ঞপ্তি গত ২৪ এপ্রিল ২০১৭ তারিখে প্রকাশ করা হয়েছে।

ছয় মাস মেয়াদী '৩য় টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্স'-এর ক্লাস চলমান রয়েছে। এ কোর্সে মোট ১৭ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করছে। মাসব্যাপী '২য় চলচ্চিত্র ও টেলিভিশনে অভিনয়ে প্রশিক্ষণ' শীর্ষক কোর্সটি সফলভাবে সম্পন্ন হয়েছে এবং ১৫ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাসব্যাপী '২য় প্রামান্য চিত্র নির্মাণ প্রশিক্ষণ' শীর্ষক কোর্সটি সফলভাবে সম্পন্ন হয়েছে এবং ২৬ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ভারতের কোলকাতাস্থ সত্যজিৎ রায় ফিল্ম ও টেলিভিশন ইনস্টিটিউট এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ১৯-২৯ জুন ২০১৭ তারিখে ভারতে শিক্ষা সফরকালে বিসিটিআই-এর প্রধান নির্বাহী এবং SRFTI-এর পরিচালকের মধ্যে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এতে ভবিষ্যতে দু'দেশের মধ্যে প্রশিক্ষণার্থী ও শিক্ষক বিনিময় সম্ভব হবে। ২০১৬-১৭ অর্থবছরে প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে চলচ্চিত্র, টেলিভিশন ও গণমাধ্যম বিষয়ক ১২ টি কর্মশালা আয়োজন করা হয়েছে। প্রতিবেদনাধীন বছরে মোট ৮৫ টি ডিপ্লোমা প্রোডাক্ট প্রস্তুত হয়েছে। এছাড়া, মোট ৬টি ফিল্ম ও ফিল্ম আর্কাইভিং সংক্রান্ত জার্নাল/পাঠ্যপুস্তক প্রকাশিত হয়েছে।

তথ্য মন্ত্রণালয় কর্তৃক কল্যাণপুরস্থ বাংলাদেশ বেতারের অব্যবহৃত জমিতে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণের লক্ষ্যে ৪.৪৭ একর জমি পুন:বরাদ্দ পাওয়ার প্রেক্ষাপটে, স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রাথমিক নকশার বিষয়ে অংশীজনের সাথে গত ৩০ মে ২০১৭ ও ০৫ জুন ২০১৭ তারিখে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় পেশকৃত সুপারিশের আলোকে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক পুনরায় নকশা প্রণয়নের কাজ চলছে। এছাড়াও 'বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের নিজস্ব ক্যাম্পাস, সুবিধাদি সৃজন এবং মানবসম্পদ উন্নয়ন' শিরোনামে উন্নয়ন প্রকল্প ২০১৬-১৭ অর্থবছরের তথ্য মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দবিহীনভাবে প্রকল্পভুক্ত করা হয়েছে।

৯.৩ ২০১৬-২০১৭ অর্থ বছরে মন্ত্রণালয়ের কর্মকাণ্ড সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণঃ প্রযোজ্য নয়।

**(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :**

১০.১ ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্মকান্ডের মাধ্যমে মন্ত্রণালয়ের আরাধ্য উদ্দেশ্যাবলী সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

হ্যাঁ। বাজেট বাস্তবায়ন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন, ইনোভেশন কার্যক্রম, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন, প্রধান প্রধান প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। এর পাশাপাশি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) ব্যবহারও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। সনাতনী প্রযুক্তির পরিবর্তে মন্ত্রণালয়াধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে ডিজিটাল প্রযুক্তিতে সজ্জিত করা হচ্ছে।

১০.২ উদ্দেশ্যাবলী সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহঃ প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরাধ্য উদ্দেশ্যাবলী আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/ পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশঃ

১. বাজেট বরাদ্দ বৃদ্ধি;
২. বাজেট ব্যবহারের ক্ষেত্রে মন্ত্রণালয়কে আরও স্বাধীনতা প্রদান;
৩. কর্মকর্তা ও কর্মচারীদের দেশে ও বিদেশে প্রশিক্ষন গ্রহণ। বিশেষত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা বৃদ্ধি; এবং
৪. মন্ত্রণালয় এবং অধিদপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ে নতুন পদ সৃজন।

(১১) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে): প্রযোজ্য নয়।
(১২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
(১৩) ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগের জন্য): প্রযোজ্য নয়
(১৪) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়
(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্তঃ
১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

| প্রতিবেদনাধীন বছরের মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সংশোধিত এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১২ (বার) টি | ১৭৪.০৯<br>(একশত চুয়াত্তর কোটি নয় লক্ষ) | ১৪৯.০২<br>(একশত উনপঞ্চাশ কোটি দুই লক্ষ) টাকা<br>৮৫.৬০% | ১২ (বার) টি |

১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

| মন্ত্রণালয়/ বিভাগ | প্রতিবেদনাধীন অর্থ বছরে মন্ত্রণালয়/বিভাগের এডিপি রিভিউ সভার সংখ্যা | প্রতিবেদনাধীন অর্থবছরে শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত/চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকৃত গুরুত্বপূর্ণ অবকাঠামো তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| তথ্য মন্ত্রণালয় | ১২টি | ৪টি<br>১। জাতীয় বেতার ভবে আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন<br>২। বাংলাদেশ বেতারের মহাশক্তি প্রেরণ কেন্দ্রে ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার স্থাপন<br>৩। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন<br>৪। বাংলাদেশের মানব সম্পদ উন্নয়নে টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে মিডিয়ার সক্ষমতা বৃদ্ধি | ৩টি<br>১। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ<br>২। বিএফডিসি আধুনিকায়ন ও সম্প্রসারণ<br>৩। শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়) | নাই | নাই | ১টি<br>'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ' |

১৫.৩ জিডিপি প্রবৃদ্ধির হার (২০১৬-১৭) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য) : প্রযোজ্য নয়

১৫.৪ মাথাপিছু আয় (মার্কিন ডলারে) (২০১৬-১৭) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়

১৫.৫ দরিদ্র জনগোষ্ঠী সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য) : প্রযোজ্য নয়

১৫.৬ কর্মসংস্থান সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয় ।

(১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(১৭) অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০১৬-১৭) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০১৬-১৭) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি) : প্রযোজ্য নয়।

(১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্যঃ প্রযোজ্য নয়।

(১৯) শিক্ষা সংক্রান্ত তথ্যঃ প্রযোজ্য নয়।

(২০) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

(২২) হজ্ব সংক্রান্ত (ধর্ম মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে) : প্রযোজ্য নয়।

(২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসানঃ প্রযোজ্য নয়।

02.08.2017

(মরতুজা আহমদ)
সচিব

## ২০১৬-১৭ অর্থ বছরে তথ্য মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য কার্যক্রম

- মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০১৬-১৭ অর্থ বছরে ০২টি স্বল্পদৈর্ঘ্য ও ০১টি পূর্ণদৈর্ঘ্য শিশুতোষ চলচ্চিত্র নির্মাণে অনুদান প্রদানসহ বিদ্যমান নীতিমালার আলোকে স্বল্পদৈর্ঘ্য ক্যাটাগরিতে ৫টি এবং পূর্ণদৈর্ঘ্য ক্যাটাগরিতে ৬টি চলচ্চিত্রের অনুকূলে সরকারি অনুদান প্রদান করা হয়েছে।

- অন্যান্য বছরের ধারাবাহিকতায় ২৪ জুলাই ২০১৭ খ্রি. তারিখে ২৫ ক্যাটগরিতে ৩১জন শিল্পী ও কলা-কুশলীর মাঝে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৫ প্রদান করা হয়েছে।

- চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মাধ্যমে ১৫ আগস্ট ২০১৬ তারিখ জাতীয় শোক দিবসে ২৬১টি পত্রিকায়, ১৬ ডিসেম্বর ২০১৬ তারিখ মহান বিজয় দিবসে ২৭৯টি পত্রিকায়, ৯ জানুয়ারি উন্নয়ন মেলা উপলক্ষে ১১টি, ১০ জানুয়ারি ২০১৬ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্বদেশ প্রত্যাবর্তণ দিবস উপলক্ষে ২০৮ টি পত্রিকায়, ১২ জানুয়ারি ২০১৬ তারিখে বর্তমান সরকারের ৩ বছর পূর্তি উপলক্ষে ২৪১ টি পত্রিকায়, ২১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২৩৩ টি পত্রিকায়, ১৭ মার্চ ২০১৭ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ১৮৪ টি পত্রিকায় এবং ২৬ মার্চ ২০১৭ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে ২৭৭টি পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হয়েছে।

- ২০১৬-২০১৭ অর্থ বছরে নিয়মিত প্রকাশনা-সচিত্র বাংলাদেশ পত্রিকার ১ লক্ষ ২০ হাজার কপি, মাসিক নবারুণ পত্রিকার ১ লক্ষ ২০ হাজার কপি, বাংলাদেশ কোয়ার্টালি ১২ হাজার কপি, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ৮ লক্ষ ৫ হাজার পোস্টার, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে ৩ লক্ষ ৫ হাজার পোস্টার, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ৩ লক্ষ ৫ হাজার পোস্টার, ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ৩ লক্ষ পোস্টার, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ৩ লক্ষ ৫ হাজার পোষ্টার বিজি প্রেস থেকে মুদ্রণ শেষে সারাদেশে প্রদর্শনের জন্য বিতরণ করা হয়েছে।

- মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদোগের ওপর একটি পকেট পুস্তিকা ২ লক্ষ ৫১ হাজার ৫০০ কপি মূদ্রণ, জঙ্গি ও সন্ত্রাসবাদ নির্মুল এগিয়ে আসুন-২ প্রকার লিফলেট মুদ্রণ ও বিতরণ (প্রতিটি ৫০ হাজার করে) ১ লক্ষ কপি, 'টেকসই উন্নয়ন অভিষ্ট' লক্ষ্যমাত্রা বিষয়ক ১০ হাজার কপি পুস্তক মুদ্রণ ১০ হাজার কপি এবং পর্যটন কর্পোরেশনের সহযোগিতায় বাংলাদেশ পর্যটন আকর্ষন বিষয়ে বিভাগ ভিত্তিক সিরিজ পুস্তক প্রকাশের ধারাবাহিকতায় খুলনা বিভাগের উপর প্রকাশিতব্য পুস্তকটির পান্ডুলিপি সম্পাদনা ও আলোকচিত্র ক্রয় করা হয়েছে। মহামান্য রাষ্ট্রপতির ১ হাজার অফিসিয়াল ছবি মুদ্রণ মুদ্রণ করা হয়েছে।

- সকল টেলিভিশন চ্যানেলে 'বাড়ি ভাড়া প্রদানে সতর্কতা' ও 'সন্তানের গতিবিধির ওপর মায়ের নজর রাখা' সংক্রান্ত টিভিসি প্রেরণ করা হয়েছে। সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ বিরোধী জনমত গঠনের লক্ষ্যে করনীয় নির্ধারনের জন্য সচিব, তথ্য মন্ত্রণালয়-এর সভাপতিত্বে তথ্য মন্ত্রণালয় ও তথ্য অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

- জঙ্গিবাদ বিরোধী জনমত গঠনে প্রচারণা কার্যক্রম তদারকি, সকল দপ্তরের সাথে সমন্বয় ও সকল মিডিয়াকে পরামর্শ প্রদানের জন্য অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। জঙ্গি হামলা, আক্রমনের গুজব ও আতংক ছড়ানোর বিরুদ্ধে জনগনকে সতর্কীকরণের জন্য প্রচারণা কার্যক্রম পরিচালনার বিষয়ে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও তথ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

- 'বিএফডিসির আধুনিকায়ন ও সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিবেদনাধীন অর্থ বছরে ডিজিটাল ক্যামেরা, ডিজিটাল এডিটিং মেশিন, বিভিন্ন প্রকার লাইট ও ক্যামেরা লেন্স সংগ্রহসহ বিভিন্ন ফ্লোর ও স্থাপনার মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হয়েছে।

- চলচ্চিত্রের দৃশ্য ধারণের জন্য বিভিন্ন নান্দনিক কাঠামো নির্মাণসহ অন্যান্য সুযোগ-সুবিধা সৃষ্টির লক্ষ্যে ঢাকার অদূরে অবস্থিত গাজীপুর জেলার কালিয়াকৈর একটি ফিল্ম সিটি স্থাপনের লক্ষ্যে ১৯৮০.০০ লক্ষ (উনিশ কোটি আশি লক্ষ) টাকা ব্যয় সম্বলিত ''বঙ্গবন্ধু ফিল্ম সিটি (পর্যায়-১)'' প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। ১ম পর্যায়ের বাস্তবায়নকালে একটি পূর্ণাঙ্গ ফিল্ম সিটি স্থাপনের মাস্টার প্ল্যান করা হচ্ছে, যার ভিত্তিতে ২য় পর্যায়ে একটি পূর্ণাঙ্গ ফিল্ম সিটি স্থাপন করা হবে। মাস্টার প্ল্যান অনুযায়ী ডিপিপি প্রণয়ন করা হচ্ছে।

-----